

১। টিস্যু কাকে বলে? টিস্যু কত প্রকার ও কি কি?

টিস্যু ঃ একই উৎস থেকে সৃষ্ট, একই ধরনের কাজ সম্পন্নকারী সমধর্মী অবিচ্ছিন্ন কোষগুচ্ছকে বলা হয় টিস্যু।

টিস্যুর প্রকারভেদঃ বিভাজন ক্ষমতা অনুসারে টিস্যু দুই প্রকার; যথা- ১। ভাজক টিস্যু এবং ২। স্থায়ী টিস্যু।

২। ভাজক টিস্যু কাকে বলে? ভাজক বৈশিষ্ট্য ও কাজ লিখ।

ভাজক টিস্যু ঃ যে টিস্যু কোষগুলো বিভাজিত হয় তাকে ভাজক টিস্যু বলে। ভাজক টিস্যুর অপর নাম মেরিস্টেম।

ভাজক টিস্যুর বৈশিষ্ট্য ঃ

১) ভাজক টিস্যুর কোষগুলো জীবিত।

২) এ টিস্যুর কোষগুলো সর্বদাই বিভাজন ক্ষমতাসম্পন্ন।

৩) এ টিস্যুর কোষগুলো সাধারণত আয়তাকার, ডিম্বাকার, পঞ্চভুজ বা ষড়ভুজাকার।

৪) এ টিস্যুর কোষগুলো সেলুলোজ নির্মিত পাতলা কোষপ্রাচীর বিশিষ্ট হয়।

৫) কোষের নিউক্লিয়াস অপেক্ষাকৃত বড় এবং দানাদার ঘন সাইটোপ্লাজমে পূর্ণ থাকে।

৬) এ টিস্যুর কোষগুলোর মধ্যে আন্তঃকোষীয় ফাক থাকে না।

কাজ ঃ

১)

